গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
শ্রীবরদী, শেরপুর।

সভাপতি : জনাব মোছা. জাহানারা বেগম, ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, শেরপুর।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ 'সোমেশ্বরী'।
সভার তারিখ : ১১/০১/২০২২ খ্রিঃ।
সময় : বেলা ১০:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের হাজিরা পরিশিষ্ট "ক" তে দেখানো হলোঃ

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতি মহোদয় অদ্যকার সভার সদস্য সচিব, অতঃপর সভাপতির অনুমতিক্রমে সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য সভায় জানান যে, শ্রীবরদী উপজেলায় বিশুদ্ধপানি, স্যানেটারী ল্যাট্রিন ব্যবহারে জনগনকে উদ্বুদ্ধকরণ ও উপকরণ বিতরণ সুষ্ঠুভাবে চলছে।

সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), শ্রীবরদী, সভায় জানান যে, ৩২ টি পৌরসভায় পানি সরবরাহ ও মানববর্জ্য ব্যবস্থাপনাসহ এনভায়রনমেন্টাল স্যানিটেশন প্রকল্পের আওতায় শ্রীবরদী পৌরসভায় বিভিন্ন ব্যাসের ১৮.৪৮ কি.মি পাইপ লাইন, আরসিসি ড্রেন, পাবলিক টয়লেট, কমিউনিটি টয়লেট, ২টি পাম্প হাউজ এর কাজ ৯৮% সম্পন্ন হয়েছে। সারাদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় বিভিন্ন ইউনিয়নে ২০০ টি এসপি এবং ৬০ টি ৬ নং পাম্পযুক্ত গভীর নলকূপের কাজ প্রায় ৭০% সম্পন্ন হয়েছে এবং হালগড়া গ্রামে পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহের কাজ শুরু হয়েছে। জিপিএস-১, এনএনজিপিএস-১, পিইডিপি-৪ প্রকল্পের আওতায় বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দ্বি-তল বিশিষ্ট ওয়াশ ব্লক এবং এসপি যুক্ত গভীর নলকূপের কাজ চলমান আছে। এছাড়া অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | গৃহীত সকল প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে মানসম্মতভাবে শেষ করতে হবে। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(স্বাক্ষর)
মোছা. জাহানারা বেগম
ভাইস চেয়ারম্যান (মহিলা)
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ
বিষয়ক স্থায়ী কমিটি
শ্রীবরদী, শেরপুর।

স্মারক নং- ০৭
তারিখঃ ১১/০১/২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতির জন্য প্রেরণ করা হলো।
১। জেলা প্রশাসক, শেরপুর।
২। উপপরিচালক, স্থানীয় সরকার , শেরপুর।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীবরদী, শেরপুর ।
৪। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীবরদী, শেরপুর ।
৫। চেয়ারম্যান............................................ইউপি ও সদস্য, উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক স্থায়ী কমিটি শ্রীবরদী, শেরপুর ।

(স্বাক্ষর)
মো. মনিরুজ্জামান
উপ-সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।
শ্রীবরদী, শেরপুর।

Scanned with CamScanner